গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের আগস্ট ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	: আঃ গাফ্ফার খান, যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩৮, ভবন নং-৩)।
তারিখ ও সময়	: ২৯.০৮.২০১৭ খ্রিঃ, সকালঃ ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ইনোভেশন ইনোভেশন টিমের আগস্ট মাসের সভা শুরু করেন। তিনি ইনোভেশন টিমে হাসপাতাল অনুবিভাগ, নার্সিং অনুবিভাগ ও মানব সম্পদ থেকে অন্তর্ভুক্ত নতুন সদস্যদের পরিচয় করিয়ে দেন। ইনোভেশন টিমের সভার গুরুত্ব তুলে ধরে বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে নিয়মিত ইনোভেশন টিমের মাসিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে। ইনোভেশন টিমের মূল উপজিব্য বিষয় হচ্ছে সরকারী দপ্তর/অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের ইনোভেশন আইডিয়াকে কাজে লাগিয়ে জনগণের সেবা সহজীকরণ বিষয়গুলো পরিবীক্ষণ করা। তিনি বিভিন্ন অধিদপ্তর, দপ্তর এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক সভা, ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ, প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন অন্তর্ভুক্তিকরণ এবং চলমান প্রকল্পগুলো পরিদর্শন নিয়মিত করতে অনুরোধ করেন। সেই সাথে মাসিক সভার কার্যপত্র নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণের পুনরায় নির্দেশ প্রদান করেন। তিনি আবারো নির্বাচিত প্রকল্পগুলো রেপ্লিকেশনে নেয়ার জন্য গুরুত্বারোপ করেন। সেই সাথে অসমাপ্ত প্রকল্পগুলোকে সম্পন্ন করে পুনরায় শোকেসিং এর আয়োজন করার জন্য স্বাস্থ্য অধিদপ্তর-কে অনুরোধ করেন।

সভাপতি মহোদয় স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/দপ্তরসমূহকে ইনোভেশন সংক্রান্ত ০২ (দুই) দিনের প্রশিক্ষণ শুরু করার পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়াও এটুআই চাহিত স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক আয়োজিত ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীর মনোনয়ন প্রদানের জন্য পুনরায় অনুরোধ জানান।

২. অতঃপর জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ সভাপতির সম্মতিক্রমে কার্যপত্র সভায় উপস্থাপন করেন। জনাব খলিলুর রহমান, উপ-সচিব (প্রশাসন-৩) 'কার্যবিবরণী সভায় উপস্থাপন' এর স্থলে 'কার্যপত্র সভায় উপস্থাপন' কথাটি সংযুক্ত করতে অনুরোধ জানান। বেগম ফেরদৌসী হক, পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর গত জুলাই মাসের কার্যবিবরণীতে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) স্থলে পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) সংশোধন করতে অনুরোধ জানান। এছাড়া অন্যকোন সংশোধনী কিংবা সংযোজন/বিয়োজন না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩. জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য সচিব, ইনোভেশন টিম ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ বিষয়ে দৃষ্টি আকর্ষন করলে নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর চলতি মাসের ইনোভেশন সভা অনুষ্ঠিত হয়েছে বলে অবহিত করে। কার্যবিবরণী শীঘ্রই প্রেরণ করা হবে মর্মে জানায়।

৪. **০২ (দুই) দিনের প্রশিক্ষণ:** সভাপতি মহোদয় গত অর্থবছরের মত এই অর্থবছরেও ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের জন্য দপ্তর/অধিদপ্তরসমূহকে নির্দেশনা প্রদান করেন। প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয়ভার অধিদপ্তরসমূহ স্ব স্ব প্রশিক্ষণ খাত থেকে নির্বাহ করবে। প্রয়োজনের ইনোভেশন খাত হতেও ব্যয়ভার নির্বাহ করতে পারবে। দুটি বা তিনটি প্রতিষ্ঠান একসঙ্গে প্রশিক্ষণ করতে পারবে। তবে ২০ জনের কমে প্রশিক্ষণ আয়োজন করা যাবে না। ইনোভেশনের কর্মপরিকল্পনা অনুসরণ করে এ প্রশিক্ষণ প্রতি অর্থবছরে বাস্তবায়ন করতে হবে।

৫. **মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শন:** সভাপতি মহোদয় মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতি অবহিত করার প্রতি গুরুত্ব আরোপ করেন। তিনি মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পরিদর্শনের জন্য উপস্থিত ইনোভেশন অফিসারদের তাগিদ প্রদান করেন। প্রকল্পগুলো পরিদর্শন করলে উদ্ভাবকগণ উৎসাহিত বোধ করবেন। তিনি চলতি মাসে যশোর জেলায় ইনোভেশন সংক্রান্ত প্রকল্প পরিদর্শনের অভিজ্ঞতার কথা তুলে ধরেন। তিনি জানান, যশোরে বদলীকৃত রাজশাহী জেলার পুঠিয়ার ইনোভেটর ডা: গোপেন্দ্রনাথ আচার্য্য, সাবেক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট হতে কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্যের মাধ্যমে মা ও শিশু মৃত্যুর হার কমানো প্রকল্পের অভিজ্ঞতার বিষয়। তিনি জানান, একজন গরিব লোককে বাছাই করে ভ্যান ও একটি মোবাইল কিনে দেওয়া হয়। ভ্যান ও মোবাইল ক্রয়ের ব্যয়ভার বহন করেন এলাকার ইউনিয়ন চেয়ারম্যান। চিকিৎসকগণ লোকটিকে গর্ভবতী মায়েদের বিষয়ে অবহিত করে। চিকিৎসকগণের নির্দেশনা অনুযায়ী ভ্যানচালক গর্ভবতী মায়েদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বহন করে পাশাপাশি ভ্যান চালিয়ে নিজের জীবিকাও নির্বাহ করে।

৬. ঔষধ প্রশাসন জানায়, অধিদপ্তরের অনলাইন ভিত্তিক ঔষধের বিরুপ প্রতিক্রিয়ার রিপোর্টটি নির্ধারিত মূল্যের অধিকমূল্যে ঔষধ বিক্রির বিষয়ে অভিযোগ এবং নকল ঔষধ চিহ্নিতকরণ বিষয়ে প্রকল্পটির অধিকাংশ কার্যক্রম সম্পন্ন হয়েছে। মোবাইল অপারেটরদের সাথে এসএমএস বিষয়ক ইন্টিগ্রেশন অচিরেই সম্পন্ন হবে এবং সেপ্টেম্বর ২০১৭ পাইলটিং কার্যক্রম উদ্বোধন করা হবে।

৭. **রেপ্লিকেশনের জন্য স্থান নির্ধারণ ও সভা:** গত শোকেসিং ওয়ার্কশপে নির্বাচিত প্রকল্প ২টি দ্রুত রেপ্লিকেশনের জন্য স্থান বাছাইয়ের উপর দৃষ্টিপাত করলে বেগম ফেরদৌসী হক, পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) স্বাস্থ্য অধিদপ্তর জানান, সিলেট ব্যতিত অন্যান্য বিভাগের স্থান বাছাইয়ের কাজ সমাপ্ত হয়েছে। সভাপতি সিলেট বাদ দিয়ে অন্যান্য বিভাগে বাছাইকৃত দুটি প্রকল্প রেপ্লিকেশনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। তিনি প্রয়োজনের প্রতিটি জেলা থেকে একাধিক উপজেলা বাচাইয়ের পরামর্শ দেন। পরবর্তী পর্যায়ে সিলেটে রেপ্লিকেশনের ব্যবস্থা গ্রহণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করেন। তিনি সচিবকে সভাপতি করে মহাপরিচালক, অনুবিভাগ প্রধানগণের সমন্বয়ে একটি সভা করার পরামর্শ প্রদান করেন। সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী সেপ্টেম্বর মাসে একটি সভা আহবানের উদ্যোগ নিতে বলেন। উক্ত সভায় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি এবং ইনভেটরদের আমন্ত্রণ জানানোর জন্য অনুরোধ করেন। সভায় বিভিন্ন জেলার ইনোভেটরদের সামনে সাফল্যের প্রতিবেদন ও প্রতিচ্ছবি তুলে ধরা হবে মর্মে জানান।

৮. **বিবিধ:** সভাপতি বলেন, মন্ত্রণালয়ে ইনোভেশনের অনেক সুযোগ রয়েছে। তিনি সিস্টেম এনালিস্ট-কে মন্ত্রণালয়ের আভন্তরীণ Human Resource সংক্রান্ত Database Software প্রস্তুত করতে নির্দেশনা প্রদান করেন।

৯. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৯.১: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে;

৯.২ মন্ত্রণালয় ও অধিদপ্তরকে চলতি অর্থ বছরে পুনরায় ০২ (দুই) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে;

৯.৩: সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী যথারীতি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৯.৪: শোকেসিং এর জন্য ইনোভেশন কর্মকর্তাদের সমাপ্ত প্রকল্পগুলো পরিদর্শন করে তালিকা তৈরী করতে হবে। গত সভায় প্রদর্শিত ৮টি প্রকল্প ইনোভেটরদের লিখিতভাবে মন্ত্রণালয়ের প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে;

৯.৫: সেপ্টেম্বর মাসে নতুন শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৯.৬: অসম্পন্ন প্রকল্পগুলো শোকেসিং এর জন্য প্রস্তুত হয়েছে কিনা তা জানতে অধিদপ্তরগুলোকে পত্র প্রেরণ করতে হবে;

৯.৭: শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়নে একটি সভা আয়োজন করতে হবে;

৯.৮: পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর শোকেসিং এর মাধ্যমে নির্বাচিত প্রকল্প ২টি রেপ্লিকেশনের জন্য বিভাগ, জেলা, উপজেলা বাছাই করে খসড়া তালিকা চলতি মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৯.৯: সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ-কে মন্ত্রণালয়ের আভন্তরীণ Human Resource সংক্রান্ত Database Software প্রস্তুত করতে হবে;

৯.১০: প্রয়োজনে দুটি বা তিনটি প্রতিষ্ঠান একসঙ্গে প্রশিক্ষণ করবে। তবে ২০ জনের কমে প্রশিক্ষণ আয়োজন করা যাবে না;

৯.১১: ০২ (দুই) বা ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ ইনোভেশন কর্মপরিকল্পনা অনুসারে প্রতি অর্থবছরে বাস্তবায়ন করতে হবে।

১০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ১১.০৯.২০১৭
(আঃ গাফ্‌ফার খান)
যুগ্ম-সচিব (প্রশাসন)

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-২১৮

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৪ / ১২ সেপ্টেম্বর ২০১৭

সভার কার্যবিবরণী সদয় অগতিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা
২. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা
৩. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৪. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা
৫. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৬. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা
৭. সিনিয়র সহকারী সচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৮. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৯. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা
১০. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), তোপখানা রোড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১১. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১২. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা

সদয় অবগতির জন্য:

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

D:\ADMIN ... 2016\45.141.093.00.00.008.2016)\Letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০০৫.০০.০০.০০৭.২০১৫-২১৯ তারিখঃ ২৯ ভাদ্র ১৪২৪
১৩ সেপ্টেম্বর ২০১৭

সভার নোটিস

অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব ফয়েজ আহম্মদ এর সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ও হাসপাতালের স্বাস্থ্যসেবা প্রদান ও ব্যবস্থাপনাগত বিষয়ে সার্বিক কার্যক্রম মনিটরিং পর্যালোচনা সভা আগামী ২০.০৯.২০১৭ তারিখ বেলা ১১.০০ টায় মন্ত্রণালয়ের মিনিসভাকক্ষ (কক্ষ নং-৩৩৮, ভবন নং-৩), বাংলাদেশ সচিবালয়, ঢাকায় অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় মনিটরিং সেলের সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সভার আলোচ্যসূচি:

(ক) মনিটরিং সেলের কার্যপরিধির বিভিন্ন বিষয়ে আলোচনা;
(খ) বিবিধ।

(মো: লুৎফর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব মসিউর রহমান, যুগ্মসচিব (নার্সিং ও মিডওয়াইফারী), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. জনাব জাকিয়া সুলতানা, যুগ্মসচিব (সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনা এবং মনিটরিং), স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।
৩. জনাব আ: গাফ্ফার খান, যুগ্ম সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. জনাব মো: সাইফুল হাসান বাদল, যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ এবং সিবিএমই), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. ড: মো: এনামুল হক, উপ সচিব (বাজেট-১, ২, ৩, ৪), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৬. জনাব মো: জসীম উদ্দীন, উপসচিব (এইচআরডি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৭. জনাব হাসান মাহমুদ, উপসচিব (ক্রয় ও সংগ্রহ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৮. জনাব মো: মোতাহার হোসেন, উপসচিব (বিশ্বস্বাস্থ্য-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৯. জনাব মো: রেজাউল আলম, উপসচিব (প্রশাসন-১),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১০. জনাব আসমা তাসকিন, উপসচিব (শৃঙ্খলা),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১১. জনাব মোঃ মজিবুর রহমান, উপপ্রধান (স্বাস্থ্য) পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১২. জনাব মাকসুদা ইয়াসমিন, সিনিয়র সহকারী সচিব (জনস্বাস্থ্য-১/২ এবং ঔষধ প্রশাসন-১, ২ ও নীতি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
১৩. জনাব এস এম জাহাঙ্গীর হোসেন, সিনিয়র সহকারী সচিব (প্রবা-১/২),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে:

১. উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে গাড়ীসহ প্রবেশের অনুরোধসহ)
২. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সভা সমন্বয়কারী, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম (চল্লিশ জন কর্মকর্তার আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।